APR. 1 1 2001

দৈনিক ইত্তেফাক

# এসএসসি ব্যবহারিক পরীক্ষা কোথাও শুরু হইয়াছে, কোথাও হয় নাই ঃ উৎকণ্ঠার মধ্যে এইচএসসি পরীক্ষার্থীরা

**রেজানুর রহমান** ।। হরতাল কর্মসূচীর প্রেক্ষিতে বিপাকে পড়িয়াছে স্কুলের ছাত্র-ছাত্রীরা। বিশেষ করিয়া এসএসসি ও এইচএসসি পরীক্ষার্থীরা চরম উদ্বেগ-উৎকণ্ঠায় দিন কাটাইতেছে। পূর্বঘোষিত সময়সূচী অনুযায়ী সকল শিক্ষা বোর্ডে গতকাল হইতে ব্যবহারিক পরীক্ষা শুরুর কথা থাকিলেও শহরের অধিকাংশ স্কুলে এই পরীক্ষা অনুষ্ঠিত হয় নাই। ১০ই মে হইতে সারাদেশে শুরু হইবে ২০০০ সালের এইচএসসি পরীক্ষা। প্রায় ৬ লক্ষ পরীক্ষার্থী এই পরীক্ষায় অংশ নিবে। কিন্তু হরতাল কর্মসূচী অব্যাহত থাকায় তাহারা পরীক্ষার ব্যাপারে নিশ্চিন্ত হইতে পারিতেছে না। জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স প্রথম ও শেষ পর্ব এবং অনার্স পার্ট-১ পরীক্ষার্থীদের মধ্যেও মানসিক অস্থিরতা দেখা দিয়াছে।

পূর্বঘোষিত সময়সূচী অনুযায়ী গতকাল সারাদেশে এসএসসি'র ব্যবহারিক পরীক্ষা শুরু হওয়ার কথা থাকিলেও হরতাল কর্মসূচীর প্রেক্ষিতে শহরের অনেক স্কুলে পরীক্ষা গ্রহণ করা হয় নাই। সংশ্লিষ্ট স্কুলসমূহ এই ব্যাপারে পরীক্ষার্থীদের সহিত যোগাযোগ রক্ষা করিতে ব্যর্থ (২য় পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## এসএসসি ব্যবহারিক পরী

(প্রথম পৃঃ পর)

হওয়ায় গতকাল নগরীর অনেক স্কুলে ছ
ছাত্রীদের কেহ কেহ পরীক্ষা দিতে
ফিরিয়া আসিয়াছে। বনানী হইতে এব
অভিভাবক গতকাল জানান, সুস্পষ্ট
ঘোষণা না পাইয়া মেয়েকে মোহাম্মদপু
কিশলয় স্কুলে পরীক্ষা দিতে নিয়া জা
পারি পরীক্ষা অনুষ্ঠিত হইবে না।
ভোগান্তির জন্য কাহাকে দায়ী ক
অন্যদিকে হরতাল সত্ত্বেও গতকাল ন
বেশ কয়েকটি স্কুলে ব্যবহারিক প
অনুষ্ঠিত হইয়াছে। ছেলে-মেয়েদে
অনেক কষ্টে পরীক্ষার হলে পৌঁছাইয়া
অভিভাবকরা স্কুল ক্যাম্পাস অথবা ফুট
বসিয়া অস্থির সময় কাটাইয়াছেন।
কোন স্কুলে পরীক্ষার্থীর উপস্থিতি কম
গতকাল ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ার
এটিএম শরীফুল্লাহ পুনরায় বলিয়া
"আমরা ১০ই এপ্রিল হইতে ১৫ই এপ্রি
দিনের মধ্যে ব্যবহারিক পরীক্ষা
করার জন্য বলিয়াছি। এই ৬ দিনের
নিরাপদ সময় বাছিয়া নিয়া স্কুল কর্তৃ
নিজ সিদ্ধান্ত অনুযায়ী ব্যবহারিক প
গ্রহণ করিতে পারিবেন। অ
কারণবশতঃ কোন স্কুল এই সময়ের
পরীক্ষা গ্রহণ করিতে না পারিলে নূতন
নির্ধারণ করিয়া দেওয়া হইবে।

এদিকে, ১০ই মে হইতে সারা
২০০০ সালের এইচএসসি পরীক্ষা
হইবে। সারাদেশে ৯৪২টি পরীক্ষা কে
লক্ষ ৭১ হাজার ১৯৪ জন পরীক্ষার্থী
পরীক্ষায় অংশ নিবে। ৬ই জুন এই প
শেষ হইবে। হরতাল কর্মসূচীর ব
এইচএসসি পরীক্ষার্থীরা টেনশনে
কাটাইতেছে। গতকাল ইত্তেফাকে
করিয়া কয়েকজন পরীক্ষার্থী ব
নির্ধারিত তারিখেই স্বাভাবিক পরি
আমাদের পরীক্ষা শুরু হইবে এই ব্য
নিশ্চয়তা চাই। কে দিবে এই নিশ্চয়ত

শিক্ষক সমিতি ফেডারেশন স
এক সভায় বলিয়াছে, অশান্ত ও সংঘা
বর্তমান রাজনৈতিক পরিস্থিতির ব
ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার ক্ষেত্রে ব
ক্ষতি হইতেছে। ১০ই মে হইতে
হইতে যাইতেছে ৬টি শিক্ষাবো
কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচ
পরীক্ষা। মে ও জুন মাস জুড়িয়া র
মাস্টার্স ১ম ও শেষ পর্ব এবং অনার্স
পরীক্ষা। ইহাছাড়া সকল স্কুলে
সাময়িক পরীক্ষা এবং কলেজসমূহে প্র
সমাপনী পরীক্ষা শীঘ্রই শুরু হ
এমতাবস্থায় শিক্ষা তথা দেশ ও
বৃহত্তর স্বার্থে হরতাল কর্মসূচী প